গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.০১.০০০১.২৩.৬৯৯

তারিখ: ০৫ আষাঢ় ১৪৩২ ব.
১৯ জুন ২০২৫ খ্রি.

# বিজ্ঞপ্তি

বিষয়: অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২৩ এ চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের ই-প্রত্যয়নপত্র (e-Certificate) ডাউনলোড ও ভুল তথ্যাদি সংশোধন সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর ব্যবস্থাপনায় গৃহীত অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২৩ এ চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের ই-প্রত্যয়নপত্র (e-Certificate) প্রস্তুত কার্যক্রম সম্পন্ন হয়েছে। প্রস্তুতকৃত ই-প্রত্যয়নপত্র (e-Certificate) ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থী তাঁর নিবন্ধন পরীক্ষার রোল, ব্যাচ, ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষার ই-প্রত্যয়নপত্র (e-Certificate) এনটিআরসিএ-এর ওয়েবসাইট হতে ডাউনলোড করতে পারবেন।

০২। উল্লেখ্য, অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২৩ এ চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থী তাঁর নিবন্ধন পরীক্ষার রোল, ব্যাচ, ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষার ই-প্রত্যয়নপত্র (e-Certificate) এনটিআরসিএ-এর ওয়েবসাইট হতে **কেবলমাত্র ০১ (এক) বার** ডাউনলোড করতে পারবেন। সেপ্রেক্ষিতে প্রার্থী তাঁর ডাউনলোডকৃত ই-প্রত্যয়নপত্র (e-Certificate) এর সফট কপি ও হার্ড কপি সতর্কতার সাথে সংরক্ষণ করবেন। **পরবর্তীতে ই-প্রত্যয়নপত্র (e-Certificate) ডাউনলোড করার জন্য ফি প্রযোজ্য হবে**। ফি এর পরিমাণ ও ফি প্রদানের পদ্ধতি সম্পর্কে বিস্তারিত তথ্যাদি পরবর্তীতে জানানো হবে।

০৩। যেসকল প্রার্থীর ই-প্রত্যয়নপত্রে (e-Certificate) নিজ নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ এবং স্থায়ী ঠিকানায় ভুল পরিলক্ষিত হবে তাঁদেরকে ই-প্রত্যয়নপত্র (e-Certificate) ডাউনলোড করার পর নির্ধারিত ফিসহ নির্ধারিত আবেদন ফর্মে ই-প্রত্যয়নপত্র (e-Certificate) সংশোধনের প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ স্বয়ংসম্পূর্ণ আবেদন **আগামী ২৫ জুন ২০২৫ তারিখের মধ্যে** এনটিআরসিএ কার্যালয়ে (বাহক/সরাসরি/ডাকযোগে/কুরিয়ারের মাধ্যমে) দাখিল করতে হবে।

০৪। উল্লেখ্য সংশোধিত ই-প্রত্যয়নপত্র (e-Certificate) ডাউনলোড করার জন্য ফি প্রযোজ্য হবে। ফি এর পরিমাণ ও ফি প্রদানের পদ্ধতি সম্পর্কে বিস্তারিত তথ্যাদি পরবর্তীতে জানানো হবে।

সংযুক্তি:

ক) শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র সংশোধনের জন্য আবেদন ফর্ম;

খ) শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র সংশোধনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকা।

১৯।০৬।২৫

(কাজী কামরুল আহছান)
পরিচালক (যুগ্মসচিব)
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন
এনটিআরসিএ, ঢাকা।

| ১ কপি ছবি |
|---|

বরাবর,

চেয়ারম্যান
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

বিষয়: শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র সংশোধনের জন্য আবেদন।

মহোদয়,

সবিনয় নিবেদন এই যে, আমার শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রে নিজ নাম/পিতার নাম/মাতার নাম/জন্মতারিখ/গ্রাম/ডাকঘর/উপজেলা/জেলার নাম ভুল হওয়ায় তা সংশোধন করা বিশেষ প্রয়োজন। সংশোধনের নিমিত্ত আমার প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে পেশ করলাম:

| আবেদনকারীর নাম, পিতা, মাতা, নিবন্ধন পরীক্ষা নং ও সাল, রোল এবং রেজিঃ নং | প্রত্যয়নপত্রে বিদ্যমান ভুল তথ্য | সঠিক তথ্য (বাংলা ও ইংরেজিতে) | নিজ জেলার নাম |
|---|---|---|---|
| | | | |

অতএব, মহোদয়ের নিকট বিনীত প্রার্থনা, উপরোক্ত তথ্যাদির আলোকে আমার শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র সংশোধন করতে সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক

আবেদনকারীর স্বাক্ষর:

তারিখ: .. .. .. .. .. .. .. .. .. .. .. .. ..

আবেদনকারীর নাম:

পদের নাম ও বিষয়:

মোবাইল নম্বর:

<u>সংযুক্ত কাগজপত্র/সনদপত্র:</u>

১.

২.

৩.

শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র সংশোধনের আবেদনপত্রের সাথে যেসব কাগজপত্র সংযুক্ত করতে হবে:

- সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসমূহের সত্যায়িত কপি;
- সংশ্লিষ্ট শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি;
- সংশ্লিষ্ট শিক্ষক নিবন্ধন লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত কপি;
- সংশ্লিষ্ট তথ্য সংশোধনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত কপি;
- জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
- সচিব, এনটিআরসিএ-এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ইস্যুকৃত ১০০/- (একশত) টাকার পে অর্ডার/ ব্যাংক ড্রাফট।